**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ, এইচ, এম কামরুজ্জামান<br>প্রশাসক<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ২০/১১/২০২৪ খ্রিঃ, রোজ: বুধবার। |
| সময় | : | বিকাল ০৩.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

সভাপতি সম্মানীত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন শুরু করেন।

**আলোচ্যসূচি ১:** বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ১৬/১০/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। আলোচনান্তে উক্ত কার্যবিবরণীর আলোচ্যসূচি ৩ নিম্নরূপে সংশোধন করা হয়:

**(১) অর্থ ও সংস্থাপন সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(২) বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | প্রতিনিধি, রাজধানী উন্নয়ণ কর্তৃপক্ষ (রাজউক), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৩) শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | সিভিল সার্জন, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৪) নগর পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | প্রতিনিধি, রাজধানী উন্নয়ণ কর্তৃপক্ষ (রাজউক), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৫) হিসাব নিরীক্ষা ও রক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | উপ মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | বাজেট কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৬) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নির্বাহী প্রকৌশলী-১, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৭) পানি ও বিদ্যুৎ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপ মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নির্বাহী প্রকৌশলী-২, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৮) সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | সিভিল সার্জন, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৯) পরিবেশ উন্নয়ণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১০) ক্রীড়া ও সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | সম্পত্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১১) জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | সিভিল সার্জন, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১২) যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নির্বাহী প্রকৌশী-৩, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১৩) বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | উপ মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | বাজার কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১৪) দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১৫) আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রতিনিধি, রাজধানী উন্নয়ণ কর্তৃপক্ষ (রাজউক), নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**সিদ্ধান্ত**: আলোচনায় বর্ণিত স্থায়ী কমিটিসমূহ উপর্যুক্তরূপে সংশোধনপূর্বক বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ২:** রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন জুলাই ২০২৪ হতে সেপ্টেম্বর ২০২৪ মাস পর্যন্ত সময়কালে রাজস্ব আদায়ের তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**(ক) রাজস্ব আদায়: অর্থবছর ২০২৪-২০২৫ (জুলাই ২০২৪ হতে সেপ্টেম্বর ২০২৪)**

| অঞ্চল | আদায়ের খাত | ২০২৪-২০২৫ অর্থবছরের দাবি | জুলাই ২০২৪ হতে সেপ্টেম্বর ২০২৪ মাস পর্যন্ত আদায় | অনাদায়ের পরিমাণ (বকেয়াসহ) |
|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ৩০,০১,১৫,৬১৪/- | ৫,৭০,৯৭,৩৩৪/- | ২৪,৩০,১৮,২৮০/- |
| | ট্রেড লাইসেন্স | ৪,২০,০০,০০০/- | ২,৫১,১৫,৬৬১/- | ১,৬৮,৮৪,৩৩৯/- |
| | দোকান ভাড়া | ২,৮৪,১৩,৯০৪/- | ৫৮,৫৩,৮৮৯/- | ২,২৫,৬০,০১৫/- |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ৪৯,৫৭,৩৩,৬৬৫/- | ৯,১৭,৯৭,৭৭১/- | ৪০,৩৯,৩৫,৮৯৪/- |
| | ট্রেড লাইসেন্স | ৩,২০,০০,০০০/- | ১,২৮,৭৮,২৪০/- | ১,৯১,২১,৭৬০/- |
| | দোকান ভাড়া | ৭৩,৭৫২/- | ৩১,৩০০/- | ৪২,৪৫২/- |
| কদমরসুল | পৌরকর | ২০,২৩,৮৩,৯৫৩/- | ৫,০২,২৮,১৯৫/- | ১৫,২১,৫৫,৭৫৮/- |
| | ট্রেড লাইসেন্স | ৬০,০০,০০০/- | ৩৫,৫০,৬৯৪/- | ২৪,৪৯,৩০৬/- |
| | দোকান ভাড়া | ৬,৩১,৮০৮/- | ৪,৫২,৯৬৭/- | ১,৭৮,৮৪১/- |

(খ) **রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী**

| **আগস্ট ২০২৪** | | | |
|---|---|---|---|
| দাবি | | | মোট দাবি |
| ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে) | চলতি মাস | |
| ২৯,৫৪,৭৮,১০১.৯২/- | ৪,০৮,৮৪,২১৪/- | ১,৩৬,৪৭,৭৭৮/- | ৩৫,০০,১০,০৯৩.৯২/- |

| আদায় | | | |
|---|---|---|---|
| ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে) | চলতি মাস | মোট আদায় (ভ্যাট ব্যতিত) |
| ৪,৭০,৫৯১/- | ২৬,৩১,৭৭২/- | ৮৩,৭০,৪৯২/- | ১,১৪,৭২,৮৫৫/- |

| **সেপ্টেম্বর ২০২৪** | | | |
|---|---|---|---|
| দাবি | | | মোট দাবি |
| ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে) | চলতি মাস | |
| ৩০,১১,৭০,৮৪৭.১৭/- | ৪,৩৪,৫৩,৪৩৮/- | ১,৩৭,৬৩,৫৯৬/- | ৩৫,৮৩,৮৭,৮৮১.১৭/- |

| আদায় | | | |
|---|---|---|---|
| ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে) | চলতি মাস | মোট আদায় (ভ্যাট ব্যতিত) |
| ৫,৮৬,৭৬০/- | ২৫,০০,৬৮০/- | ৮৫,৬০,১৯৭/- | ১,১৬,৪৭,৬৩৭/- |

**সিদ্ধান্ত:** (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করণ, (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্খিত মাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, দোকানভাড়া ও মার্কেট সেলামী আদায় শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৩:** জুলাই ২০২৪ হতে সেপ্টেম্বর ২০২৪ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

**আলোচনা:** প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত ০৩ মাসের (জুলাই ২০২৪ হতে সেপ্টেম্বর ২০২৪) আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

| **খাত** | **জুলাই ২০২৪** | **আগস্ট ২০২৪** | **সেপ্টেম্বর ২০২৪** |
|---|---|---|---|
| রাজস্ব আয় | ৯,৪৯,৯৬,১৯৪/- | ৫,৮৩,১৬,৬৬৬/- | ১৮,০৫,০১,৬৬৬/- |
| উন্নয়ন আয় (থোক বরাদ্দ থেকে) | -- | -- | ৪,৮১,১৫,০০০/- |
| **মোট আয়** | ৯,৪৯,৯৬,১৯৪/- | ৫,৮৩,১৬,৬৬৬/- | ২২,৮৬,১৬,৬৬৬/- |

| | | | |
|---|---|---|---|
| রাজস্ব ব্যয় | ৩,৭২,৯০,৭১৭/- | ২,৫২,৪৫,৮৯২/- | ২,৫৮,৭৭,৩১৩/- |
| উন্নয়ন ব্যয় (রাজস্ব থেকে) | ২,৬৮,৬৯,৩৭৯/- | ৩১,৯২,০৬৯/- | ৫,৫২,১৪৫/- |
| উন্নয়ন ব্যয় (থোক বরাদ্দ থেকে) | ৯,৫৬,৪৭৬/- | ২,৩৮,০০০/- | -- |
| **মোট ব্যয়** | ৬,৫১,১৬,৫৭২/- | ২,৮৬,৭৫,৯৬১/- | ২,৬৪,২৯,৪৫৮/- |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে জুলাই ২০২৪ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত গত ০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৪: ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত আলোচনা।**

**(ক)** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে ২০২৪ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের মাসিক সর্বশেষ তথ্য সকলের সামনে উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| জানুয়ারি | ৮ | - |
| ফেব্রুয়ারি | ৪ | - |
| মার্চ | ৩ | - |
| এপ্রিল | ২ | - |
| মে | ৬ | - |
| জুন | ৩ | - |
| জুলাই | ৬ | - |
| আগস্ট | ১৭ | - |
| সেপ্টেম্বর | ১০০ | - |
| অক্টোবর | ২৯৯ | - |
| নভেম্বর | ১১৮ | ১৬ নভেম্বর পর্যন্ত |
| ডিসেম্বর | - | - |

**(খ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এলাকার এডিস মশার হটস্পট সংক্রান্ত তথ্য সকলের সামনে উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

| নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার এডিস মশার ২১টি হটস্পট: | | | |
|---|---|---|---|
| ক্রম | হটস্পট | ক্রম | হটস্পট |
| ০১ | ২ নং ওয়ার্ডে হিরাঝিল খাল। | ১২ | ১২ নং ওয়ার্ডে বউবাজার ডোবা |
| ০২ | ৩ নং ওয়ার্ডে ডেমরা রোড ৪টি ডোবা। | ১৩ | ১২ নং ওয়ার্ডে উত্তর চাষাড়া রামবাবুর পুকুর পাড়ের পূর্ব দিকে পুকুর। |
| ০৩ | ৪ নং ওয়ার্ডে মাঠবাড়ি পুকুরপাড় ও তার আশেপাশের ডোবা। | ১৪ | ১৩ নং ওয়ার্ডে শ্মশানের পিছনে ডোবা। |
| ০৪ | ৬ নং ওয়ার্ডে সুমিলপাড়া রেললাইনে পাশের ডোবা। | ১৫ | ১৪ নং ওয়ার্ডে বাজনাপাড়া এর পিছনে পুকুর ও দাতা সড়ক, মাদ্রাসা গলি ডোবা। |
| ০৫ | ৭ নং ওয়ার্ডে ফকিরাপুল খাল। | ১৬ | ১৬ নং ওয়ার্ডে কাজীর দেওয়ানের বাড়ি আবর্জনা, এলএন রোডের ডোবা, নগর স্বাস্থ্য কেন্দ্র-৩ আবর্জনাযুক্ত পুকুর। |
| ০৬ | ৮ নং ওয়ার্ডে ডিএন্ডডি এর খাল। | ১৭ | ১৬ নং ওয়ার্ডে বায়তুন নূর জামে মসজিদ এর পশ্চিমে ডোবা ও দেওভোগ বড় মসজিদ পাক্কা রোড পুকুর। |
| ০৭ | ৮ নং ওয়ার্ডে আইলপাড়া এলাকায় বদ্ধডোবা। | ১৮ | ১৭ নং ওয়ার্ডে নয়াপাড়া আবর্জনাযুক্ত পুকুর ও ভূঁইয়াপাড়া ডোবা ও আবর্জনা। |
| ০৮ | ৯ নং ওয়ার্ডে সস্তাপুর খাল। | ১৯ | ১৮ নং ওয়ার্ডে নইল্লাপাড়া ডোবা, আলামিন নগর এলাকার ডাম্পিং স্পট, ডিয়ারা সরদারগলি আবর্জনাযুক্ত পুকুর। |
| ০৯ | ১০ নং ওয়ার্ডে চিত্তরঞ্জন খাল। | ২০ | ১৫ নং ওয়ার্ডে ডাইলপট্টি পরিত্যক্ত প্লট। |
| ১০ | ১১ নং ওয়ার্ডে তল্লা নতুন রোড রেললাইন পুকুর ও তল্লা বড় মসজিদ ডোবা। | ২১ | ২২ নং ওয়ার্ডে বি. এম, স্কুল ঘাট আবর্জনা। |
| ১১ | ১১ নং ওয়ার্ডে তল্লা কিল্লারপুর পুকুর। | | -- |

এছাড়াও, তিনি এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

<u>ক. সাংগঠনিক কাঠামো/ প্রাতিষ্ঠানিক কাঠামো</u>

১। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।

২। নগরীর তিন অঞ্চলের জন্য ০২ (দুই) জন করে সুপারভাইজার নিয়োজিত যারা মনিটরিং টিম ও মশক কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কাজ করেন।

৩। প্রতিটি ওয়ার্ডে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ৫ সদস্য বিশিষ্ট টিম রয়েছে।

৪। মশক নিধনে ১৫ সদস্য বিশিষ্ট স্পেশাল টিম গঠন করা হয়েছে।

খ. মশক নিধন কার্যক্রম

১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।

২। প্রতিদিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।

৩। বিশেষ প্রয়োজনে নগরী গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়েছে।

৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।

৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

গ. সচেতনতা কার্যক্রম

১। জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে।

২। নগরীর প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু সচেতনতামূলক মাইকিং করা হচ্ছে।

৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা প্রচার কার্যক্রম চলমান রয়েছে।

৫। ধর্মীয় নেতাদের (ইমাম, পুরোহিত, ফাদার) মাধ্যমে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে, বিশেষ করে মসজিদের সম্মানিত ইমামগণকে জুম'আর নামাজের বয়ানে ডেঙ্গু বিষয়ে কথা বলার জন্য চিঠির মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

৬। মার্কেট, শপিংমল মালিক/ ব্যবসায়ী প্রতিনিধিদের সম্পৃক্ত করে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৭। নগরীর প্রতি ওয়ার্ডে ডেঙ্গু নিধন সভার আয়োজন করা হয়েছে।

৮। ডেঙ্গু নিধন ও জনসচেতনতা বৃদ্ধি করার জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

৯। মশক ঝুঁকিপূর্ণ স্থান যেমন সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয়ে লার্ভিসাইড ও এল.ডি.ও ছিটানো হয়।

ঘ. প্রতিরোধ কার্যক্রম

১। ডেঙ্গু আক্রান্তের তথ্য সংগ্রহ করে আবাসস্থল ও তার চারপাশে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।

২। নগরীর বিভিন্ন ওয়ার্ডে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে।

৩। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় পরিচালিত ৪টি নগর স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে।

৪। হাসপাতালগুলোতে ডেঙ্গু আক্রান্ত রোগীদের বিভিন্ন পরামর্শ প্রদান এবং প্রয়োজনে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়।

উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে বর্তমানে ডেঙ্গু প্রতিরোধে যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে সে সকল কার্যক্রম নিয়মিতভাবে চলমান রাখার জন্য সভায় উপস্থিত সিভিল সার্জন, নারায়ণগঞ্জ ডাঃ এ এফ এম মুশিউর রহমান মহোদয় অনুরোধ জানান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় ডেঙ্গু বিষয়ে দৈনন্দিন রিপোর্টের কপি প্রতিদিন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগে সরবরাহ করার জন্য সিভিল সার্জন, নারায়ণগঞ্জ মহোদয়কে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** (১) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা জোরদার করাসহ অব্যাহত রাখা এবং (২) সিভিল সার্জন, নারায়ণগঞ্জ এর কার্যালয় হতে ডেঙ্গু বিষয়ে দৈনন্দিন রিপোর্ট প্রতিদিন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগে সরবরাহ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** (১) স্বাস্থ্য বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (২) সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।

**আলোচ্যসূচি ৫:** নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহ পরিচালনা এবং সেবা প্রদান বিষয়ক আলোচনা।

**আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতাধীন নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহে ইপিআই কার্যক্রমের পাশাপাশি যে সকল সেবা প্রদান করা হয় তা উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

- ২০১৩ সালের ডিসেম্বর হতে এডিবি অর্থায়নে পরিচালিত আরবান প্রকল্পের আওতাধীন PKSP & PPS নামক এনজিও কর্তৃক পরিচালিত হতো;
- গত আগস্ট ২০১৯ হতে সিটি কর্পোরেশন গ্রহণ করে এবং নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে;
- সেবার পরিধি ও মান বৃদ্ধির লক্ষ্যে আধুনিক অটো এনালাইজার মেশিন, আল্ট্রাসনোগ্রাম মেশিন, প্রিন্টারসহ কম্পিউটার ও হরমোন এনালাইজার সংযোজন করা হয়;
- স্বাস্থ্যকেন্দ্রসমূহে নিয়মিত আউটডোর সেবা দেয়া হচ্ছে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, ইপিআই কার্যক্রমকে জোরদার করনের পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্য সেবার মান বৃদ্ধিতে নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহ সচল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বাস্তবায়নে:** স্বাস্থ্য বিভাগ এবং হিসাব শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৬:** উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

**উন্নয়নমূলক প্রকল্প**

অর্থের উৎস: উন্নয়ন সহায়তা তহবিল (প্রকল্প)

| ওয়ার্ড নং | প্রকল্পের নাম | প্রকল্প ব্যয় | | | ২০২৪-২৫ এডিপি বরাদ্দ |
|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | নিজস্ব | |
| ১ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পরিছন্ন কর্মী নিবাস নির্মাণ (১ম সংশোধিত) | ১১,৪৪২.০৩ | ৯,১৫৩.৬২ | ২,২৮৮.৪১ | ৯৪৫.০০ |
| ২ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন। | ৩০,১৩৫.২১ | ৩০,১৩৫.২১ | - | ৩,১৫১.০০ |
| ৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ ও অপসারণ ব্যবস্থাপনা (২য় সংশোধিত)। | ৩৩৪৫২.১৮ | ৩৩৪৫২.১৮ | - | ০.০০ |

**প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পের তালিকা:-**

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রকল্পের ব্যয় (টাকা) |
|---|---|---|
| ১ | ০১ নং ওয়ার্ড সিদ্ধিরগঞ্জ পুল এ্যাপ্রোচ রাস্তা মেরামত কাজ | ২৮৮০০০০.০০ |
| ২ | ০১ নং ওয়ার্ড বাতানপাড়া নামারচর শহিদুল ইসলাম এর ফ্যাক্টরী থেকে পশ্চিম দিকে জয়নাল আবেদিনের বাড়ি পর্যন্ত ও হিরাঝিল ১১ নং গলি আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ২৮৩৬৯০০.০০ |
| ৩ | ০১ নং ওয়ার্ড বাতানপাড়া নামারচর রাস্তা আব্দুল মোতালিব এর বাড়ি হতে পশ্চিম দিকে প্রধান বাড়ি জামে মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ | ১১৭৪৫০০.০০ |
| ৪ | ০১ নং ওয়ার্ড আলামিন নগর মতিন হুজুরের বাড়ি হতে পশ্চিম দিকে আলামিন নগর বায়তুল জামে মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ | ১৪০০৭০০.০০ |
| ৫ | ০১ নং ওয়ার্ড কালু হাজীর রোড মাওলানা আলাউদ্দিন সাহেবের বাড়ি হতে বাতেন পাড়া কবরস্থান রোড পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ৮০০০০০০.০০ |
| ৬ | ০১ নং ওয়ার্ড আল-আমিন নগর জনাব আবুল হোসেন ও জনাব নূর এর বাড়ি হতে পশ্চিম দিকে আবুল ভান্ডারির বাড়ি ও মধু ঘোষের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ২৬২০০০০০.০০ |
| ৭ | ০২ নং ওয়ার্ড ধনু হাজী রোড পশ্চিম পাইনাদি বেলায়েত হোসেনের বাড়ি হতে মজুমদারের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ২৯১৫০০০.০০ |
| ৮ | ০২ নং ওয়ার্ড মিজমিজি দক্ষণিপাড়া কাশমে আলী মসজদিরে দক্ষিণে মমতাজ সাহবেরে বাড়ি হইতে রওশন আলী ও হবুি মাতবররে বাড়ি হযে আয়াত আলীর পযন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ৯০০০০০০.০০ |
| ৯ | ০২ নং ওয়ার্ড কান্দাপাড়া বাদশা মিয়া রোড তিতাস গ্যাস লাইন কর্তৃক খননকৃত রাস্তা মেরামত | ১৮০০০০০.০০ |
| ১০ | ক) ০২ নং ওয়ার্ড মিজমিজি সাহেবপাড়া মালেক কাজীর বাড়ি থেকে কাদির মিয়ার বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ<br>খ) ০২ নং ওয়ার্ড রহিম মার্কেট সংলগ্ন আল ফেসানি জামে মসজিদ এর পাশে আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ২৭৯৫৭৭৩.০০ |
| ১১ | ০২ নং ওয়ার্ড মিজমিজি পশ্চিমপাড়া ঈদগাহ উত্তর পশ্চিম প্রান্ত থেকে আব্দুল আলীমের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ১৮৮০৭৩০.০০ |
| ১২ | ০২ নং ওয়ার্ড মৌচাক বাস স্ট্যান্ড হতে পশ্চিম দিকে নারায়ণগঞ্জ লিংক রোড পর্যন্ত কার্পেটিং রাস্তা | ৩০৫০৬৫২০.০০ |
| ১৩ | ০৩ নং ওয়ার্ড বাগমারা সামাদ মাষ্টারের বাড়ি হতে পূর্ব দিকে মোতালিব এর বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ | ২০০৯৭০০.০০ |
| ১৪ | ৩ নং ওয়ার্ড পূর্ব সানারপাড় সাদেক সাহেবের বাড়ি হতে দক্ষিণ দিকে জামিয়া ইসলামিয়া দারুল উলুম মাদ্রাসা পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ | ২৯০২৯০০.০০ |
| ১৫ | ০৩ নং ওয়ার্ড মৌচাক বাস স্ট্যান্ড হতে উত্তর পূর্ব দিকে ব্রিজ এর এ্যাপ্রোচ রাস্তা নির্মাণ | ৯০০০০০০.০০ |
| ১৬ | ০৩ নং ওয়ার্ড নিমাই কাশরী ব্যাংক কোলনী মি: তাহের সাহেবের বাড়ি হতে উত্তরে প্রাইমারী স্কুল এবং পশ্চিম দিকের মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ১১৮০০৬৩২.০০ |
| ১৭ | ০৪ নং ওয়ার্ড উত্তর আজিবপুর শাহী জামে মসজিদ থেকে মাছপারা রেল লাইন পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ৩৭২২৭১৬.০০ |
| ১৮ | ০৫ নং ওয়ার্ড ওমরপুর পশ্চিমে একতা ক্লাব হাতে দক্ষিণে রমজানরে বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ | ২৫০৯৭০০.০০ |
| ১৯ | ক) ০৫ নং ওয়ার্ড কলাবাগ পশ্চিম সাইলো রোড চৌরা বাড়ি হতে দক্ষিণে CS হালট অনুযায়ী ড্রেন ও রাস্তা নির্মাণ<br>খ) ০৫ নং ওয়ার্ড আইউব নগর মেইন রোড হতে দক্ষিণ দিকে সাইলো রোড পর্যন্তআরসিসি ড্রেন নির্মাণ | ৫৩০৭২০০.০০ |

| | | |
|---|---|---|
| ২০ | ৬ নং ওয়ার্ডে মন্ডলপাড় ঈদগাহ হতে পূর্ব দিকে মা ফাতেমা মসজিদ সংলগ্ন আরসিসি রোড এবং ড্রেন নির্মাণ | ৫৫০০০০০.০০ |
| ২১ | (ক) ৬ নং ওয়ার্ড মন্ডলপাড়া রেল লাইন কার্লভাট সংলগ্ন আরসিসি ড্রেন নির্মাণ<br>(খ) ৬ নং ওয়ার্ড মুনলাইট পশ্চিম হক সাহেবের বাড়ি হতে মেইন রোড পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ<br>(গ) ৬ নং ওয়ার্ড মুনলাইট পূর্ব হান্নানের বাড়ি হতে মেইন রোড পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ | ৬০০০০০০.০০ |
| ২২ | ৭ নং ওয়ার্ড কদমতলী গ্যাসফিল্ড এর এ্যাপ্রোচ ও ড্রেন নির্মাণ কাজ | ৯০০০০০.০০ |
| ২৩ | ৭ নং ওয়ার্ড কদমতলী নয়াপাড়া ডি.এন.ডি খালের উপর আরসিসি কালভার্ট নির্মাণ | ১৩০০০০০০.০০ |
| ২৪ | ৮ নং ওয়ার্ড ধনকুন্ডা এলাকায় লুৎফর সাহেবের বাড়ি হয়ে দক্ষিণে জামানের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ | ২৫০০০০০.০০ |
| ২৫ | ৮ নং ওয়ার্ড আইলপাড়া এলাকায় পাঠানটুলি হাসপাতাল হতে পূর্ব দিকে হান্নান মিস্ত্রির বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন ও রাস্তা নির্মাণ | ৪৮০০০০০.০০ |
| ২৬ | ৮ নং ওয়ার্ড এনায়েত নগর  জলিল মোল্লা বাড়ি প্রিন্টিং গলি হতে দক্ষিণে হক মার্কেট পর্যন্ত আরসিসি ড্রেন ও রাস্তা নির্মাণ | ৭৫০০০০০.০০ |
| ২৭ | ৯ নং ওয়ার্ডে জালকুড়ী বাসষ্ট্যান্ড হতে উত্তর পূর্ব দিকে কালভার্ট পর্যন্ত এ্যাপ্রোচ রাস্তা | ৮৫০০০০০.০০ |
| ২৮ | ৯ নং ওয়ার্ডে জালকুড়ী বাসষ্ট্যান্ড হতে পূর্ব দিকে ০২ নং ঢাকেশ্বরী বাসষ্ট্যান্ড পর্যন্ত RCC রাস্তায় এক্সপেনশন জয়েন্ট/ফিলিংসহ প্লান্ট মেথডে সিলকোটকরণ | ১৩০০০০০০.০০ |
| ২৯ | ১০ নং ওয়ার্ডে নলখালী খাল ব্রীজ আজিম মার্কেটের দক্ষিণ দিক হতে নীট কনসার্ন গার্মেন্টস পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ। | ১৫০০০০০.০০ |
| ৩০ | ১১নং ওয়ার্ডে গঞ্জেআলী শাহ রোড জামিল হাসনাত আরা মহিলা মাদরাসার গলি পর্যন্ত আরসিসি রাস্তা এবং ড্রেন নির্মাণ | ৪০০০০০০.০০ |
| ৩১ | ১১নং ওয়ার্ডে তল্লা প্রাইমারী স্কুল হতে পাঠাগার রোড পর্যন্ত RCC রাস্তা এবং ড্রেন নির্মাণ | ১০০৮১১৫৩.০০ |
| ৩২ | ১১ নং ওয়ার্ডে পাইপ লাইন স্থাপন | ৬০০০০০০.০০ |
| ৩৩ | ১২নং ওয়ার্ডে রামবাবুর পুকুর পাড় হতে বিশ্রাম হাউজ পর্যন্ত RCC রাস্তা এবং ড্রেন নির্মাণ | ৮৬০০০০০.০০ |
| ৩৪ | ১২নং ওয়ার্ডে উত্তর চাষাড়া হৃদাস ড্রিম হতে রিপনের সাহেবের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা এবং ড্রেন নির্মাণ | ২৮০০০০০.০০ |
| ৩৫ | ১২নং ওয়ার্ডে উত্তর চাষাড়া সামসুজ্জহা রোড টু ABC স্কুল পর্যন্ত | ১৮৬৩৭২০৬.০০ |
| ৩৬ | ১২নং ওয়ার্ডে মাসদাইর খ্রিষ্টান কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২৫০০০০০.০০ |
| ৩৭ | ১৩ নং ওয়ার্ড  কালির বাজার শেড মেরামতকরণ | ২০০০০০০.০০ |
| ৩৮ | ১৩ নং ওয়ার্ড বঙ্গবন্ধু রোড নিতাইগঞ্জের মোড় হতে চাষাড়া মোড় পর্যন্ত কার্পেটিং দ্বারা রোড মেরামত এবং আইল্যান্ড মেরামতকরণ | ৬৫০০০০০০.০০ |
| ৩৯ | ১৪ নং ওয়ার্ড শেরে বাংলা রোড কামালের বাড়ি হতে জামালের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা এবং ড্রেন নির্মাণ | ১৮৫৬২৭২.০০ |
| ৪০ | ১৫ নং ওয়ার্ড নগরভবন রক্ষনাবেক্ষণ | ২৫০০০০০.০০ |
| ৪১ | ১৫ নং ওয়ার্ডে মন্ডলপাড়া গ্যারেজ বাউন্ডারী ওয়াল নির্মাণ | ৮০০০০০০.০০ |
| ৪২ | ১৫ নং ওয়ার্ড এস.এম মালহে রোড হংস হোল ব্রিজ হতে ১ নং রেল গেইট পর্যন্ত কার্পেটিং দ্বারা মেরামত ও থানার সামনে রাস্তা মেরামতকরণ (প্লান্ট মেথডে) | ৭০০০০০০.০০ |
| ৪৩ | ১৬ নং ওয়ার্ড আলী আহাম্মদ চুনকা পাঠাগার মেরামত ও রক্ষণাবেক্ষণ | ১৫০০০০০.০০ |
| ৪৪ | ১৬ নং ওয়ার্ড বাবুরাইল খাল ফুটপাত স্টীল ব্রিজ নির্মাণ | ১৫০০০০০.০০ |
| ৪৫ | ১৬ নং ওয়ার্ডে শুক্কুরকারী মসজিদ গলিতে রাস্তা ও ড্রেন নির্মাণ | ৩৫০০০০০.০০ |
| ৪৬ | ১৬ নং ওয়ার্ডে দেওভোগ পানির ট্যাংক দক্ষিণ দিকের গলি | ১০০০০০০.০০ |
| ৪৭ | ১৭ নং ওয়ার্ড বড় কবরস্থান শান্তি নগর মসজিদ হতে কামাল ও জাফরের বাড়ী পর্যন্ত এবং নামাপাড়া মহোসিন সাহেবের বাড়ী হতে আওলাদ সাহেবের বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মান। | ১৬০০০০০০.০০ |
| ৪৮ | ১৮ নং ওয়ার্ড বি.কে রোড ও শাখা রোড কার্পেটিং দ্বারা মেরামত | ৮০০০০০০.০০ |
| ৪৯ | ১৮ নং ওয়ার্ড ডিয়ারা জয়নাল বেপারির বাড়ি হতে সুরাইয়া বেগমের বাড়ি আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ৩২৫০০০০.০০ |
| ৫০ | ১৯ নং ওয়ার্ড বকুলতলা টিকাদান কেন্দ্র মেরামতকরণ | ৮০০০০০.০০ |
| ৫১ | ১৯ নং ওয়ার্ড নাসিম ওসমান ব্রীজের দক্ষিণ পার্শ্বে মদনগঞ্জ পিএম রোডে পাইপ ড্রেন নির্মাণ | ৫০০০০০.০০ |
| ৫২ | ১৯ নং ওয়ার্ড সেতেরা বেগমের বাড়ি হতে পিয়ার জাহানের বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ | ১২০০০০০.০০ |
| ৫৩ | ১৯ নং ওয়ার্ড মদনগঞ্জ পিএম রোড রত্না বেগমের বাড়ি হতে ফিরোজ মিয়ার বাড়ি পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ | ১৮০০০০০.০০ |
| ৫৪ | ১৯ নং ওয়ার্ড পানাউল্লাহর বাড়ি হতে মনির মিয়ার বাড়ি হয়ে আনোয়ার মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ | ২২০০০০০.০০ |
| ৫৫ | ১৯ নং ওয়ার্ড মদনগঞ্জ খালপাড় রাস্তা মেরামতকরণ | ৬৫০০০০০.০০ |
| ৫৬ | ২০ নং ওয়ার্ড ফরাজিকান্দা ঢালী বাড়ি শাখা গল্লি ড্রেন নির্মাণ | ৬০০০০০.০০ |
| ৫৭ | ২০ নং ওয়ার্ড ফরাজিকান্দা আমিন মিয়ার গল্লী রাস্তা ও ড্রেন নির্মাণ | ১৫০০০০০.০০ |
| ৫৮ | ২০ নং ওয়ার্ড উত্তর বেপারীপাড়া পিয়ার মোহাম্মদের বাড়ি হতে কুদ্দুছের বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ | ১৪০০০০০.০০ |
| ৫৯ | ২০ নং ওয়ার্ড ফরাজিকান্দা কাঠপট্টি হতে মদনগঞ্জ এনসিসির ডাম্পিং পর্যন্ত গর্ত মেরামতকরণ | ২৫০০০০০.০০ |

| | | |
|---|---|---|
| ৬০ | ২২ নং ওয়ার্ড বাবুবাজার রোডের পূর্ব পার্শ্বে শাখা ড্রেন নির্মাণ | ১৫০৯০০০.০০ |
| ৬১ | ২২ নং ওয়ার্ড রেলিবাগান পার্শ্বস্থ কামরুলের দোকান হতে পিয়াসের বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ | ১২০০০০০.০০ |
| ৬২ | ২২ নং ওয়ার্ড হিমেল সাহেবের বাড়ি হতে কাজী বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ | ১৮০০০০০.০০ |
| ৬৩ | ২২ নং ওয়ার্ড রেলিবাগান পার্শ্বস্থ বাজনা বাড়ি রাস্তা ও ড্রেন নির্মাণ | ৩২৯৬০০০.০০ |
| ৬৪ | ২২ নং ওয়ার্ড বন্দর ঘাট হতে বন্দর বাজার পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা মেরামতকরণ (প্ল্যান্ট পদ্ধতিতে) | ৮০০০০০০.০০ |
| ৬৫ | ২২ নং ওয়ার্ড বন্দর বাজার হতে বন্দর বাসস্ট্যান্ড পর্যন্ত কার্পেটিং দ্বারা রাস্তা মেরামতকরণ (প্ল্যান্ট পদ্ধতিতে) | ১৪৫০০০০০.০০ |
| ৬৬ | ২৩ নং ওয়ার্ড সিএসডি চক এলাকার জনাব কায়েম ভিলা থেকে জনাব মান্নান সাহেবের প্লট পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ | ৬৫০০০০০.০০ |
| ৬৭ | ২৩ নং ওয়ার্ড কদমরসুল অফিস মেরামতকরণ | ৫০০০০০০.০০ |
| ৬৮ | ২৩ নং ওয়ার্ড সি.এস.ডি চক এলাকায় জনাব খোরশেদ এর বাড়ি হতে আলমের বাড়ি হয়ে শাহজাহানের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ৬০০০০০০.০০ |
| ৬৯ | ২৩ নং ওয়ার্ড মাওলা আলী মাদ্রাসা সংলগ্ন পচারবাগ মোইন রোড হতে আলমের বাড়ি হয়ে শাহজাহানের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ | ৪১০০০০০.০০ |
| ৭০ | ২১ ও ২৩ নং ওয়ার্ড আলী আহাম্মদ চুনকা সড়কের ৪ টি স্থানে কার্পেটেং রাস্তা মেরামতকরণ | ১৭৫০০০০০.০০ |
| ৭১ | ২৪ নং ওয়ার্ড কাজী নজরুল ইসলাম রোডে গাইড ওয়াল মেরামত ও প্যালাসাইডিং নির্মাণ | ১৮০০০০০.০০ |
| ৭২ | ২৪ নং ওয়ার্ড কাইতাখালি কবরস্থান রাস্তা আরসিসি রাস্তা মেরামতকরণ | ১৫০০০০০.০০ |
| ৭৩ | ২৪ নং ওয়ার্ড দেউলী বটতলা কবরস্থান রোড পর্যন্ত আরসিসি রাস্তা মেরামতকরণ | ১৬০০০০০.০০ |
| ৭৪ | ২৪ নং ওয়ার্ড রোহিয়ার পুল হতে কাইতাখালী মসজিদ পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা মেরামতকরণ | ১৭০০০০০.০০ |
| ৭৫ | ২৪ নং ওয়ার্ড নবীগঞ্জ ঘাট হতে নবীগঞ্জ বাসষ্ট্যান্ড পর্যন্ত (টি হোসেন রোড) রাস্তা কার্পেটিং দ্বারা মেরামতকরণ | ৫০০০০০০.০০ |
| ৭৬ | ২৫ নং ওয়ার্ড দক্ষিণ লক্ষণখোলা কবরস্থান রোড হতে মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা সাহেবের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ | ২৮৫০০০০.০০ |
| ৭৭ | ২৫ নং ওয়ার্ড লক্ষণ খোলা পুকুর পাড়ে কফিসপ মেরামতকরণ | ৮০০০০০.০০ |
| ৭৮ | ২৫ নং ওয়ার্ড লক্ষণ খোলা হাসপাতাল মেরামতকরণ | ২০০০০০০.০০ |
| ৭৯ | ২৬ নং ওয়ার্ড লক্ষণখোলা মাদ্রাসা রোড মেরামতকরণ | ৩০০০০০০.০০ |
| ৮০ | ২৬ নং ওয়ার্ড স্কুলঘাট এর ডানদিকে আরসিসি রাস্তা মেরামতকরণ | ১০০০০০০.০০ |
| ৮১ | ২৬ নং ওয়ার্ড সোনাচড়া রোড হতে স্কুলঘাট পর্যন্ত এবং কুটির বন রাস্তা মেরামতকরণ | ১৫০০০০০.০০ |
| ৮২ | ২৭ নং ওয়ার্ড কুড়িপাড়া হাই স্কুল এর পাশে রাস্তা মেরামতকরণ | ১০০০০০০.০০ |
| ৮৩ | ২৭ নং ওয়ার্ড মুরাদপুর খালের পার্শ্বে আরসিসি রাস্তা ও ড্রেন স্লোপ প্রটেকশন মেরামতকরণ | ৮৫০০০০০.০০ |
| | **সর্বমোট=** | **৪৮১২৭২৬০২.০০** |

| পানি সরবরাহ বিভাগ | | |
|---|---|---|
| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) |
| ০১ | নতুন পাম্প মোটর ক্রয় (সাবমার্সিবল) | ১.৭০ |
| ০২ | কলাম পাইপ, মেরিন ক্যাবল ও অন্যান্য ইলেক্ট্রিক সরঞ্জাম | ১.০০ |
| ০৩ | Water Laboratory Goodsক্রয় ও রক্ষণাবেক্ষণ | ০.২০ |
| ০৪ | Water Treatment Plant Mechanical & Electrical Maintenance and Purchase Goods | ০.৮০ |
| ০৫ | জরুরি ভিত্তিতে বিভিন্ন অঞ্চলে পাইপ লাইন স্থাপন | ০.৬০ |
| | সর্বমোট টাকা= | ৪.৩০ |

| পানি সরবরাহবিভাগ<br>Framework Tender | | |
|---|---|---|
| **প্যাকেজ নং** | **প্রকল্পের নাম** | **একক প্রাক্কলিত ব্যয়** |
| 01 | Siddhirganj Zone (Ward: 01-09): Estimated Cost of Supplying, Installation, Maintenance, Rehabilitation, Regenaration, Distribution, Laying Pipe Lines & Related Goods, Works & Services with physical Related, Intelectual services of Water Works under Water Supply Division of Narayanganj City Corporation (FY 2024-25). | 8187315.51 |
| 02 | Narayanganj Zone (Ward: 10-18): Estimated Cost of Supplying, Installation, Maintenance, Rehabilitation, Regenaration, Distribution, Laying Pipe Lines & Related Goods, Works & Services with physical Related, Intelectual services of Water Works under Water Supply Division of Narayanganj City Corporation (FY 2024-25). | 8187315.51 |

| | | |
|---|---|---|
| 03 | Kadamrasul Zone (Ward: 19-27): Estimated Cost of Supplying, Installation, Maintenance, Rehabilitation, Regenaration, Distribution, Laying Pipe Lines & Related Goods, Works & Services with physical Related, Intelectual services of Water Works under Water Supply Division of Narayanganj City Corporation (FY 2024-25). | 8187315.51 |
| 04 | Godnail Water Treatment Plant (Ward: 10): Estimated Cost of Supplying, Installation, Maintenance, Rehabilitation, Regenaration, Distribution, Laying Pipe Lines & Related Goods, Works & Services with physical Related, Intelectual services of Water Works under Water Supply Division of Narayanganj City Corporation (FY 2024-25). | 8187315.51 |
| 05 | Sonakanda Water Treatment Plant (Ward: 20): Estimated Cost of Supplying, Installation, Maintenance, Rehabilitation, Regenaration, Distribution, Laying Pipe Lines & Related Goods, Works & Services with physical Related, Intelectual services of Water Works under Water Supply Division of Narayanganj City Corporation (FY 2024-25). | 8187315.51 |
| | Total= | 40936577.55 |

**সিদ্ধান্ত:**আলোচনায় উল্লিখিত উপরোক্ত উন্নয়ন কাজসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৭: নারায়ণগঞ্জ নগরীর জন্য "Heat Action Plan" প্রণয়ন বিষয়ক আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম জানান যে, বাংলাদেশের দ্রুত বর্ধমান সিটি নারায়ণগঞ্জ ক্রমবর্ধমানভাবে জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাবের, বিশেষ করে তীব্র তাপপ্রবাহের ঝুঁকিতে রয়েছে। ২০২১ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, ICLEI South Asia এবং UN Habitat সহযোগিতায় নারায়ণগঞ্জ নগরীর তাপীয় ঝুঁকি সম্বোধন এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাস করার জন্য জলবায়ু সহনশীল কর্ম পরিকল্পনা বা ক্লাইমেট একশন প্ল্যান তৈরি করা হয়েছে । এই পরিকল্পনাটি জাতীয় অভিযোজন পরিকল্পনা (ন্যাপ) ২০২৩-২০৫০, বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং জনস্বাস্থ্য ও অর্থনীতিতে তীব্র তাপের হুমকি সম্বোধনকারী অন্যান্য নীতি পর্যায়ের নথির সাথে সামঞ্জস্যপূর্ণ। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ২০১৬ সাল থেকে ICLEI South Asia এর সদস্য। নারায়ণগঞ্জের সাথে ২০১৮ সালে Urban LEDS II প্রকল্পের মাধ্যমে পরিচিতি এবং যাত্রা শুরু হয়। এরই ধারাবাহিকতায় ২০২১ সালে নারায়ণগঞ্জ নগরীর জন্য সর্বপ্রথম জলবায়ু সহনশীল কর্মপরিকল্পনা (Climate Action Plan) প্রণয়ন করা হয়। ২০২৪ সালের ৯ জানুয়ারি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ICLEI South Asia- কে একটি পত্র প্রেরণ করে যেখানে নগর পরিবেশ ব্যবস্থাপনা এবং উন্নয়নমূলক সহযোগিতার ক্ষেত্রে সমন্বয় এবং সমর্থনের বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত চিঠির প্রেক্ষিতে, জলবায়ু সহনশীল কর্ম পরিকল্পনা (Climate Action Plan), জলবায়ু ঝুঁকি ও দুর্বলতা বিশ্লেষণ (Climate Risk & Vulnerability Analysis) এর ফলাফল বিবেচনা এবং সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নীতি নির্ধারকদের মতামতের ভিত্তিতে একটি তাপ কর্মপরিকল্পনা (Heat Action Plan) উন্নয়নের প্রস্তাব করা হয়।

<table>
<tr><th colspan="2">প্রকল্পের বিস্তারিত বিবরণ</th></tr>
<tr><td colspan="2">প্রকল্পের মেয়াদকাল: অক্টোবর ২০২৪- অক্টোবর ২০২৫<br>প্রকল্পের বাজেট: 10500 USD (Program Activities).<br>বাস্তবায়নকারী প্রতিষ্ঠান: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, ICLEI-Local Governments for Sustainability (South Asia).<br>অর্থনৈতিক সহযোগিতায়: UK International Development, IDRC Canada, Under CLARE Project.<br>Heat Action Plan এর বাস্তবায়ন মেয়াদকাল: ০৫ বছর।</td></tr>
<tr><th>প্রকল্পের উদ্দেশ্য</th><th>প্রত্যাশিত ফলাফল</th></tr>
<tr><td>১. নারায়ণগঞ্জ নগরীর জন্য জলবায়ু সহনশীল তাপ কর্মপরিকল্পনা প্রণয়ন করা;<br>২. নগরীর তাপপ্রবাহের জন্য দায়ী কারণগুলোকে চিহ্নিত করা এবং প্রশমনে পদক্ষেপসমূহ নিরূপণ করা;<br>৩. তাপীয় প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা;<br>৪. তাপীয় ঝুঁকি মূল্যায়ন করা এবং প্রতিরোধ ব্যবস্থা বাস্তবায়ন করা।</td><td>১. তাপজনিত ক্ষয়ক্ষতি এবং মৃত্যুহার হ্রাস করা;<br>২. নগরীর গুরুত্বপূর্ণ হটস্পটগুলো চিহ্নিত করা এবং হটস্পট অনুযায়ী তাপ প্রবাহ হ্রাসকরণে প্রকল্পের ধারণা এবং সুনির্দিষ্ট দিকনির্দেশনা প্রদান করা;<br>৩. ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী চিহ্নিত করে, তাদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং তাপ দূষণের প্রভাব থেকে রক্ষা করার উপায় বাস্তবায়ন করা;<br>৪. জরুরি অবস্থার জন্য প্রস্তুতি বাড়ানো, যেখানে জরুরি সেবা প্রদানকারীদের মধ্যে সমন্বয় এবং সক্ষমতা বৃদ্ধি, জরুরি সরঞ্জাম সরবরাহ এবং জরুরি যোগাযোগ ব্যবস্থা উন্নত করা;<br>৫. তাপীয় নগর সহনশীলতা বৃদ্ধি করা এবং অবকাঠামো উন্নত করা (গাছপালা রোপন, শীতলীকরণ ব্যবস্থার উন্নতি এবং নগর পরিকল্পনায় সমন্বয় বৃদ্ধি);<br>৬. জনসচেতনতা বৃদ্ধি করা;<br>৭. স্টেকহোল্ডারদের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করা।</td></tr>
</table>

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ নগরীর জন্য “Heat Action Plan” প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** নগর পরিকল্পনা শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৮: নাগরিক সেবা প্রদানে বিভিন্ন সনদের ফি পুনঃ নির্ধারণ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম উপস্থিত সকলকে জানান যে, এ সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে বিভিন্ন সেবা/ সনদের ফি পুনঃনির্ধারণ করা প্রয়োজন, যা নিম্নরুপ:

| ক্রম | সনদের নাম | বর্তমান ফি | প্রস্তাবিত ফি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | চারিত্রিক সনদ | বিনামূল্যে | ১০০ টাকা |
| ২ | মৃত্যু প্রত্যয়ন | বিনামূল্যে | ১০০ টাকা |
| ৩ | জাতীয়তা সনদ | ১০ টাকা | ৫০ টাকা |
| ৪ | উত্তরাধিকার সনদ | ফর্ম- ৫০০ টাকা | ১,০০০ টাকা |
| ৫ | বার্ষিক আয়ের সনদ | বিনামূল্যে | ১,০০০ টাকা |
| ৬ | এতিম সনদ | বিনামূল্যে | বিনামূল্যে |
| ৭ | বিবাহিত সনদ | ৩০০ টাকা | ৫০০ টাকা |
| ৮ | পারিবারিক সনদ | ৩০০ টাকা | ১,০০০ টাকা |
| ৯ | অবিবাহিত সনদ | বিনামূল্যে | ৫০০ টাকা |
| ১০ | পুনঃবিবাহ সনদ | বিনামূল্যে | ২,৫০০ টাকা |
| ১১ | বেকারত্ব সনদ | বিনামূল্যে | বিনামূল্যে |
| ১২ | বিবিধ সনদ | বিনামূল্যে | ৫০০ টাকা |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ছকের ১-১২ নং ক্রমিকে উল্লিখিত সনদের ক্ষেত্রে উক্ত ছকের ০৪ নং কলামে উল্লিখিত রেইট মোতাবেক বিভিন্ন সেবা/ ফরমের ফি পুনঃনির্ধারণ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ ও হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

## আলোচ্যসূচি ৯: মাসদাইর সিটি কেন্দ্রীয় জামে মসজিদে সানি ইমাম নিয়োগ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম উপস্থিত সকলকে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ১৩ নং ওয়ার্ডের মাসদাইর এলাকায় সিটি কেন্দ্রীয় জামে মসজিদ নির্মাণ করা হয়। যার নির্মাণ কাজ ২০১৬ সালে শেষ হয় এবং উক্ত মসজিদের কার্যক্রম পরিচালনার জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে বিভিন্ন পদে (খতিব ও ইমাম, সানি ইমাম, মুয়াজ্জিন, খাদেম) ০৫ জনকে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়। বর্তমানে সানি ইমামের পদটি শূন্য থাকায় মুয়াজ্জিন উক্ত দায়িত্ব পালন করছেন। এমতাবস্থায়, উক্ত পদটিতে একজন সানি ইমাম নিয়োগ প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে মাসদাইর সিটি কেন্দ্রীয় জামে মসজিদে ১ জন সানি ইমাম নিয়োগ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১০: সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত অপরাজিতা নগর বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ ও শিক্ষার্থী ভর্তিকরণ সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ জানান যে, এ প্রতিষ্ঠান হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৫ নং ওয়ার্ডে অপরাজিতা নগর বিদ্যালয় নির্মাণ করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০ তলা ভিত বিশিষ্ট ৭ তলা ভবন নির্মাণ করা হয়েছে। এর মধ্যে নিচতলা ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহারের জন্য রেখে স্কুলের জন্য আলাদা প্রবেশদ্বার রাখা হয়েছে। উক্ত বিদ্যালয়ে বিভিন্ন শ্রেণিতে প্রায় ১৪০০ এর অধিক ছাত্রছাত্রী ভর্তির সুযোগ রয়েছে। চলতি বছরের জুন মাসে উক্ত প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। স্কুলটি চালুকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ এবং শিক্ষার্থী ভর্তি কার্যক্রম শুরু করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনাকালে মত প্রকাশ করা হয় যে, শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে পাঠদান শুরু করতে একাডেমিক বছর শুরু হয়ে যাবে বিধায় আগামী বছর অর্থাৎ ২০২৫ এর মাঝামাঝি শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পাদনপূর্বক একাডেমিক কার্যক্রম সম্পন্ন করে ২০২৬ সালের জানুয়ারি থেকে শিক্ষা কার্যক্রম শুরু করা যেতে পারে। এ বিষয়ে সভায় সকলে একমত পোষন করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে ২০২৫ সনের মাঝামাঝি শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পাদনপূর্বক একাডেমিক কার্যক্রম সম্পন্ন করে ২০২৬ সনের জানুয়ারি থেকে অপরাজিতা নগর বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ১১: বেসরকারি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং কোচিং সেন্টার এর নিবন্ধন ফি নির্ধারণ সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** সভাপতি মহোদয় বলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর আওতাভুক্ত এলাকায় অবস্থিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধনের জন্য ফি প্রদানের বিধি বিধান থাকলেও ইতোপূর্বে এ ব্যাপারে কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। এ সিটি কর্পোরেশনের রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ফি নির্ধারণ করা যেতে পারে:

| ক্রম | শিক্ষা প্রতিষ্ঠানের ধরন | নিবন্ধন/ নবায়ন ফি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | বেসরকারি কিন্ডারগার্টেন স্কুল | ১০,০০০/- |
| ২. | বেসরকারি প্রাইমারি স্কুল | ১০,০০০/- |
| ৩. | বেসরকারি মাধ্যমিক স্কুল | ১৫,০০০/- |
| ৪. | বেসরকারি উচ্চ মাধ্যমিক (কলেজ) স্কুল | ২০,০০০/- |
| ৫. | বেসরকারি বিশ্ববিদ্যালয় | ৩০,০০০/- |
| ৬. | বেসরকারি কোচিং সেন্টার (স্কুল পর্যায়) | ১০,০০০/- |
| ৭. | বেসরকারি কোচিং সেন্টার (মাধ্যমিক পর্যায়) | ১৫,০০০/- |
| ৮. | বেসরকারি কোচিং সেন্টার (উচ্চ মাধ্যমিক পর্যায়) | ২০,০০০/- |
| ৯. | বেসরকারি কোচিং সেন্টার (বিশ্ববিদ্যালয় পর্যায়) | ৩০,০০০/- |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ছকের ১-৯ নং ক্রমিকে উল্লিখিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত ছকের ০৩ নং কলামে উল্লিখিত হারে নিবন্ধন/ নবায়ন ফি নির্ধারণ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ ও হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসূচি: সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক গঠিত কমিটিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নুর কুতুবুল আলমকে Co- opt করণ সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** সভাপতি মহোদয় বলেন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য সরকার কর্তৃক ১৭ সদস্য বিশিষ্ট কমিটি প্রণয়ন করা হয়েছে; যে কমিটির ২য় সভা এখন অনুষ্ঠিত হচ্ছে। কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করছেন এ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম। কমিটির কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষ্যে প্রতিষ্ঠানের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলমকে এ কমিটিতে Co- opt করার জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। তার প্রস্তাবের সাথে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে "স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪" এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলমকে Co- opt করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২০২৪

(এ, এইচ, এম কামরুজ্জামান)
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪- ২০৭ তারিখ: ২৮/১১/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। ------------------------------------------------------------------ নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। ----------------------------------------বিভাগ/শাখা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল অঞ্চল, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা।

২৮/১১/২০২৪

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

২০/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সরকার কর্তৃক গঠিত কমিটির ২য় **সভায় উপস্থিতিগণের** তালিকা: (স্বাক্ষরের ক্রমানুসারে)

১) জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ নূর কুতুবুল আলম, সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ সাকিব আল রাব্বি, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), নারায়ণগঞ্জ।
৫) জনাব রুহুল আমিন সাগর, পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৬) ডাঃ এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৭) জনাব আবদুস সালাম, উপ বিভাগীয় প্রকৌশলী (প্রতিনিধি), গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮) জনাব মোঃ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৯) জনাব মোঃ ইউনুছ ফারুকী, জেলা শিক্ষা অফিসার (প্রতিনিধি), নারায়ণগঞ্জ।
১০) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১১) জনাব নাঈম হাসান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।
১২) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ- পরিবহন কর্তৃপক্ষ, (বিআইডব্লিউটিএ), নারায়ণগঞ্জ।
১৩) জনাব ফখর উদ্দিন আহাম্মদ, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
১৪) জনাব মোঃ সাইফুল কবীর, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
১৫) প্রকৌশলী মোঃ মামুনুর রশিদ, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
১৬) জনাব এ এইচ এম রাসেদ, উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১৭) ইঞ্জিনিয়ার নুর আলম, অথোরাইজড অফিসার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ জোন অফিস, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা :**

১) জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ ইসমাইল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) জনাব মোঃ ইউছুফ আলী, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮) ডাঃ নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব মোঃ আতিকুর রহমান, সম্পত্তি কর্মকর্তা এবং প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০) জনাব ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১) জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন রিয়াদ, রেজিস্ট্রেশন সহকারী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।